

ঢাকা, ০৯ জানুয়ারি ২০২০

শীগ্রই পলিটেকনিক ইনস্টিটিউট সমূহে সাত হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে- মাননীয়
শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন যত্রতত্র অনার্স খুলে আমরা শিক্ষিত বেকার তৈরী করে ফেলেছি। আমরা শিক্ষিত বেকার তৈরী করতে চাই না। তাই সরকার কর্মমুখী ও কারিগরি শিক্ষার উপর অধিক গুরুত্বারোপ করছে। চতুর্থ শিল্প বিপ্লবের চাহিদা অনুযায়ী আমাদের শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী করতে হবে। প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষিত জনগোষ্ঠী তৈরী করতে কাজ করছে সরকার। পলিটেকনিক ইনস্টিটিউটগুলোকে আরও উন্নত করার কাজ করছে সরকার। পলিটেকনিক ইনস্টিটিউট সমূহের শিক্ষক সংকট দূরীকরণে শীগ্রই ৭০০ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে।

তিনি আজ সকালে রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ভবনে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ডিপ্লোমা প্রকৌশলী সমিতির জাতীয় সম্মেলন ২০২০ ও ২৪তম কাউন্সিল অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ডিপ্লোমা প্রকৌশলী সমিতির সভাপতি আলতাফ আহমেদ এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ মাহবুব হোসেন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দিন আহমেদ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ইঞ্জিনিয়ার বুলবুল আক্তার ও ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এর সভাপতি একে এম এ হামিদ প্রমুখ।

মন্ত্রী বলেন চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ ঘোষণার ফলে আমরা চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এক ধাপ এগিয়ে রয়েছি।

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন দক্ষ জনশক্তি গঠনে প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষিত হতে হবে।

মোহাম্মদ আবুলখায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮৮৮